কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

Bangladesh Agricultural Research Institute
Gazipur-1701

Phone : +88-02-49270000
PABX : 49270041-8, Ext-5301,5373
Fax No. : +88-02-49270201
E-mail : dg.bari@bari.gov.bd
Web : www.bari.gov.bd

স্মারক নং- ১২.২১.০০০০.০০০.০০৩.০৯.০০২৩.২৬-৬৪৮ তারিখ: ২২-০৭-২০২৬ খ্রি.

**বিষয়: বারি'র "অভ্যন্তরীন গবেষণা পর্যালোচনা এবং কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২৬" এর উদ্বোধন অনুষ্ঠান এবং কারিগরি অধিবেশন সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত করণীয় সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **ড. মো. মন্জুরুল কাদির, মহাপরিচালক, বারি, গাজীপুর** |
| **তারিখ ও সময়** | : | **১৬-০৭-২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা** |
| **স্থান** | : | **মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ** |

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের "অভ্যন্তরীন গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২৬" এর কারিগরি অধিবেশন সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত করণীয় সংক্রান্ত সভা মহাপরিচালক, বারি মহোদয়ের সভাপতিত্বে পরিচালক (গবেষণা) এর সঞ্চালনায় ১৬-০৭-২০২৬ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বারি'র পরিচালকবৃন্দ ও বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন (কপি সংযুক্ত)। মহাপরিচালক মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

১। আগামী ১৫/০৮/২০২৬ ইং তারিখ থেকে বিএআরআই-এর 'অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা এবং কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২৬' এর কারিগরী অধিবেশনসমূহ আনুষ্ঠানিকভাবে শুরু হবে।

২। ডাল গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা এবং মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া-এর 'অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা এবং কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২৬' বিএআরআই এর প্রধান কার্যালয়, গাজীপুরে অনুষ্ঠিত হবে।

৩। কর্মশালায় অংশগ্রহণকারী প্রত্যেক বিজ্ঞানী শুধুমাত্র একটি ভেন্যু হতেই সম্মানী (Honorarium) গ্রহণ করতে পারবেন। কোনো বিজ্ঞানী দুই বা ততোধিক ভেন্যু হতে কোনো অবস্থাতেই সম্মানী গ্রহণ করতে পারবেন না।

৪। প্রচলিত নিয়ম অনুযায়ী অধিকাংশ বিজ্ঞানী প্রধান গবেষক (Principal Investigator) হিসেবে ২ থেকে ৩টি গবেষণা কর্মসূচি হাতে নিয়ে থাকলেও, ক্ষেত্রবিশেষে এর ব্যতিক্রম পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, বিএআরআই-এর গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল ও সুনির্দিষ্ট করার লক্ষ্যে, চলতি ২০২৬-২৭ অর্থবছরে প্রত্যেক বিজ্ঞানীকে প্রধান গবেষক (Principal Investigator) হিসেবে কমপক্ষে ১টি (একটি) নুতন যুগপোযোগী গবেষণা কর্মসূচি হাতে নিতে হবে এবং তা বাধ্যতামূলকভাবে বাস্তবায়ন করতে হবে।

৫। আন্তর্জাতিক মানদন্ড বজায় রাখা এবং বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত কর্মশালায় গবেষণা প্রতিবেদন উপস্থাপনা (Presentation) এবং মুক্ত আলোচনা (Open Discussion) আবশ্যিকভাবে ইংরেজিতে (In English) করতে হবে।

৬। গবেষণার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে, কর্মশালার জন্য বিশেষজ্ঞ বিজ্ঞানী (Expert Scientist) নির্বাচনের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ শিক্ষক অথবা অভিজ্ঞ গবেষককে প্রাধান্য দেওয়া হবে।

৭। বিএআরআই-এর সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্রসমূহের খরিপ মৌসুমে ফসলি জমি যাতে কোনোভাবেই খালি পড়ে না থাকে, সেজন্য বিভাগীয় প্রধানগণকে গবেষণার পাশাপাশি সবুজ সার উৎপাদন, স্বল্পমেয়াদী সবজি উৎপাদন অথবা ক্ষেত্রবিশেষে ধান উৎপাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

৮। বিএআরআই-এর সকল কেন্দ্র ও বিভাগসমূহকে তাদের উদ্ভাবিত সর্বশেষ ভ্যারাইটি (জাত) অথবা টেকনোলজির (প্রযুক্তি) তথ্যসমূহ গবেষণা উইং-এ যত দ্রুত সম্ভব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উক্ত উদ্ভাবিত প্রযুক্তিসমূহ আইসিটি (ICT) বিভাগের মাধ্যমে প্রতিষ্ঠানের অফিসিয়াল ওয়েবসাইটে আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

৯। এবারের অভ্যন্তরীণ কর্মশালায় বিগত বছরের (গত বছরের) গৃহীত সুপারিশমালার কত শতাংশ সমাধান বা বাস্তবায়ন করা হয়েছে তা উপস্থাপনায় (Presentation) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে; এবং একই সাথে উক্ত সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান অর্থবছরে কী ধরনের নতুন গবেষণা কর্মসূচি (Research Programme) হাতে নেওয়া হয়েছে, তাও সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। পূর্বের সভার সিদ্ধান্ত মোতাবেক "অভ্যন্তরীন গবেষণা পর্যালোচনা এবং কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২৬" এর কারিগরী অধিবেশনে সভাপতি ও বিশেষজ্ঞ সদস্যদের জন্য বার্ষিক প্রতিবেদন (২০২৫-২৬) ১০ কপি ও অধিবেশনে অংশগ্রহণকারী বিজ্ঞানীদের মাঝে Presentation এর Handout (প্রতি পৃষ্ঠায় ২টি করে স্লাইড) বিতরণ করতে হবে।

১১। সভায় আগামী ২০২৭ সালের ঢাকা অঞ্চলের আঞ্চলিক রিভিউ ওয়ার্কশপ (Regional Review Workshop) দুই দিনের পরিবর্তে ৩ (তিন) দিন ব্যাপী অনুষ্ঠিত হওয়ার প্রস্তাবটি যৌক্তিক বলে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। উল্লেখ্য, উক্ত ৩ দিন ব্যাপী কর্মশালায় ০১ দিন বিএআরআই-এর প্রধান কার্যালয়ের বিভিন্ন কেন্দ্র ও বিভাগসমূহ কর্তৃক মাঠ পর্যায়ে হস্তান্তরযোগ্য প্রযুক্তি বা টেকনোলজিসমূহ (Transferable Technologies) বিস্তারিতভাবে উপস্থাপন করা হবে।

পরিশেষে সভায় আর কোনো গুরুত্বপূর্ণ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৭/২৫
ড. মো. মন্জুরুল কাদির
মহাপরিচালক

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র/কন্দাল ফসল গবেষণা কেন্দ্র/তৈলবীজ গবেষণা কেন্দ্র), বারি, গাজীপুর/ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা।

২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ/মৃত্তিকা বিজ্ঞান বিভাগ/কীটতত্ত্ব বিভাগ/সরেজমিন গবেষণা বিভাগ/এফএমপিই বিভাগ/সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ/উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ/পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ/জীবপ্রযুক্তি বিভাগ/উদ্ভিদ প্রজনন বিভাগ/উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ/খামার বিভাগ/কৃষি অর্থনীতি বিভাগ/বীজ প্রযুক্তি বিভাগ/উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র/এএসআইসিটি বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ফল বিভাগ/সবজি বিভাগ/ফুল বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর।

৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র (জামালপুর/রহমতপুর, বরিশাল/যশোর/হাটহাজারী, চট্টগ্রাম/আকবরপুর, মৌলভীবাজার/কুমিল্লা/বুড়িরহাট, রংপুর)।

৪. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, বারি, শিবগঞ্জ, বগুড়া/প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়/আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ/ফল গবেষণা কেন্দ্র, বিনোদপুর, রাজশাহী/সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর।

৫. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, অনিষ্টকারী মেরুদন্ডী প্রাণী বিভাগ/মেশিনারী মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র/ডাল গবেষণা উপ-কেন্দ্র, বারি, গাজীপুর/আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, পটুয়াখালী/কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, মুন্সিগঞ্জ/কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, সেউজগাড়ী, বগুড়া/লাক্ষা গবেষণা কেন্দ্র, কল্যাণপুর, চাঁপাইনবাবগঞ্জ/কৃষি গবেষণা উপ-কেন্দ্র, ঠাকুরগাঁও/পাহাড়তলী, চট্টগ্রাম/সরেজমিন গবেষণা বিভাগ ও কৃগকে, পাবনা/সরেজমিন গবেষণা বিভাগ, (ময়মনসিংহ/ফরিদপুর/সিলেট/কুমিল্লা/শ্যামপুর, রাজশাহী/নোয়াখালী/কিশোরগঞ্জ/দৌলতপুর, খুলনা/গোপালগঞ্জ)/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, মাগুরা/মসলা গবেষণা উপ-কেন্দ্র, ফরিদপুর/আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর/পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি/আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, শিবপুর, নরসিংদী/সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট।

৬. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়াঞ্চল কৃষি গবেষণা কেন্দ্র, রামগড়, খাগড়াছড়ি/পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, রাইখালী, রাঙ্গামাটি/মসলা গবেষণা উপ-কেন্দ্র, লালমনিরহাট/কৃষি গবেষণা কেন্দ্র, রাজবাড়ী, (দিনাজপুর/বেনেরপোতা, সাতক্ষীরা/চরবয়রা, ঘোনাপাড়া, গোপালগঞ্জ)/সরেজমিন গবেষণা বিভাগ, (কুষ্টিয়া/বান্দরবান/ভোলা/কক্সবাজার/টাঙ্গাইল/বরেন্দ্রকেন্দ্র, রাজশাহী/পটুয়াখালী/শেরপুর/চেলোপাড়া, বগুড়া/গাইবান্ধা/মানিকগঞ্জ)।

৭. বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, শিবপুর, নরসিংদী।

৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর।

৯. অফিস কপি।